
# সমবায় বার্তা

অক্টোবর ২০১৮ সংখ্যা

সমবায় অধিদপ্তরের প্রকাশনা

'বাংলাদেশ আমার স্বপ্ন, ধ্যান, ধারণা ও আরাধনার ধন। আর সে সোনার বাংলা ঘুমিয়ে আছে চির অবহেলিত গ্রামের আনাচে কানাচে, চির উপেক্ষিত পল্লীর কন্দরে কন্দরে, বিস্তীর্ণ জলাভূমির আশে পাশে আর সুবিশাল অরণ্যের গভীরে। ভাইয়েরা আমার– আসুন সমবায়ের যাদুস্পর্শে সুপ্ত গ্রাম বাংলাকে জাগিয়ে তুলি। নব-সৃষ্টির উন্মাদনায় আর জীবনের জয়গানে তাকে মুখরিত করি।'

–জাতির পিতা বঙ্গবন্ধু
শেখ মুজিবুর রহমান



## মাননীয় প্রধানমন্ত্রীর নিকট হতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সচিব কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) গ্রহণ

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর ২০১৮-২০১৯ মাননীয় প্রধানমন্ত্রীর নিকট হতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সচিব জনাব এস.এম গোলাম ফারুক স্বাক্ষরিত এপিএ গ্রহণ করছেন।

## ৪৩তম জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা



বিগত ১৪ আগষ্ট ২০১৮ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উদ্যোগে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সম্মেলন কক্ষে স্বাধীনতার স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৩তম শাহাদত বার্ষিকী উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব খন্দকার মোশাররফ হোসেন, এমপি প্রধান অতিথির বক্তব্য দিচ্ছেন। এ সময় মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




# স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৩তম শাহাদত বার্ষিকীতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং সমবায় অধিদপ্তরের জাতীয় শোক দিবস পালন

গত ১৫ আগষ্ট ২০১৮ খ্রিঃ তারিখে সমবায় অধিদপ্তরের উদ্যোগে স্বাধীনতার স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৩তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। দিবসটি পালনের জন্য বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়। এ দিন সকালে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব এস.এম. গোলাম ফারুক এর নেতৃত্বে সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক মোঃ আব্দুল মজিদ, অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারিগণ ধানমন্ডি ৩২নং এ স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। সমবায় অধিদপ্তরের সমবায় ভবনে সকাল ৮.০০ টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব এবং সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়, বি.সি. এস (সমবায়) এসোসিয়েশনের নেতৃবৃন্দ এবং



সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারিগণ। সমবায় অধিদপ্তরে জাতীয় শোক দিবস ২০১৮ পালনের কর্মসুচির মধ্যে প্রত্যুষে সমবায় অধিদপ্তরের সমবায় ভবনে কোরানখানি এবং সকাল ৮. ১৫ মিনিটে আলোচনা সভা ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আত্মার মাগফিরাত কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করা হয়। আলোচনা সভা ও দোয়া মাহফিলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব এস.এম. গোলাম ফারুক প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

# ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা-২০১৮-এর উদ্বোধন




'আজকের তরুণ আগামী দিনে হবে এ দেশের কর্ণধার' উল্লেখ করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আমাদের সব আয়োজন এই তারুণ্যের জন্য। তরুণরা তাদের ভাগ্য পরিবর্তন করবে। তাদের সুন্দর একটা ভবিষ্যৎ যেন গড়ে তোলা যায়, সেই লক্ষ্য নিয়েই আমরা কাজ করে যাচ্ছি। ৪ অক্টোবর ২০১৮ খ্রিঃ তারিখে গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশব্যাপী '৪র্থ জাতীয় উন্নয়ন মেলা-২০১৮' এর উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। উন্নয়ন মেলার মাধ্যমে জনগণ নিজেদের ভাগ্য গড়ার সুযোগ পাবে জানিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, এই সুযোগ কাজে লাগিয়ে জনগণ তাদের জীবনযাত্রার মান উন্নত করতে পারবে।



'৪র্থ জাতীয় উন্নয়ন মেলা-২০১৮'-এ সমবায় অধিদপ্তরের স্টল পরিদর্শন করছেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব এস. এম. গোলাম ফারুক, সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক জনাব মোঃ আব্দুল মজিদ, সমবায় অধিদপ্তরের অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) জনাব মোঃ আসাদুজ্জামান এবং জনাব মোঃ লুৎফর রহমান, ঢাকা বিভাগীয় যুগ্ম নিবন্ধক। এসময় সমবায় অধিদপ্তরের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন

# “উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন” প্রকল্পের ঋণ বিতরণ




সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উন্নতজাতের গাভীপালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা সমবায় কার্যালয়, ফরিদপুর সদরের আয়োজনে কৈজুরী ও গেরদা নারী উন্নয়ন সমবায় সমিতিতে ৫০ জন উপকারভোগী সদস্যদের মধ্যে ১,২০,০০০ টাকা করে ঋণের চেক বিতরণ করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন, এম.পি ঋণের চেক বিতরণ করেন। উম্মে সালমা তানজিয়া, জেলা প্রশাসক, ফরিদপুর, মোঃ জাকির হোসেন খান, পুলিশ সুপার, ফরিদপুর, জেলা সমবায় অফিসার, ফরিদপুর, উপজেলা সমবায় অফিসার, সদর বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর।




সমবায় অধিদপ্তর কতৃর্ক বাস্তবায়নাধীন “উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনমান উন্নয়ন প্রকল্পের” আওতায় নীলফামারী সদর উপজেলার দুইটি নারী সমবায় সমিতির ৫০ জন সদস্য/উপকারভোগীর মধ্যে বকনা গরু ও খাদ্য ক্রয়ের জন্য ঋণের চেক সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিতরণ করেন। এ সময় সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আবুজার রহমান ও উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ আরিফা সুলতানা লাভলী, জেলা সমবায় অফিসার উপস্থিত ছিলেন।



বিগত ৪ আগস্ট ২০১৮ খ্রিঃ তারিখে খুলনার ডুমুরিয়া উপজেলায় "উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় ৫০ জন সুবিধাভোগীদের মাঝে ১,২০,০০০ টাকা করে ঋণের চেক বিতরণ করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, বাবু নারায়ণ চন্দ্র চন্দ, এমপি। এ সময় জনাব মোছাঃ শাহনাজ বেগম, উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা, মোঃ মিজানুর রহমান, উপ-নিবন্ধক (প্রশাসন) বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা, জনাব ফারহানা আফরোজ, জেলা সমবায় অফিসার, খুলনা উপস্থিত ছিলেন।




৫ আগস্ট ২০১৮ খ্রিঃ তারিখে যশোর জেলার কেশবপুর উপজেলায় উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় গঠিত ২টি নারী উন্নয়ন সমবায় সমিতির ৫০ জন সুবিধাভোগী সদস্যদের মাঝে ৩৪,০০,০০০ টাকার ঋণের চেক বিতরণ করা হয়। প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রনালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ইসমাত আরা সাদেক এমপি অনুষ্ঠানে চেক বিতরণ করেন। মোঃ খায়রুজ্জামান, যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা এ সময় উপস্থিত ছিলেন।



গাইবান্ধার সাঘাটা উপজলোয় উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন শীর্ষক প্রকল্পের সুবিধাভোগী সদস্যদের মাঝে ঋণের চেক বিতরণ করেন জাতীয় সংসদের ডেপুটি স্পিকার জনাব মোঃ ফজলে রাব্বি মিয়া এমপি।



জামালপুরের মাদারগঞ্জ উপজেলায় উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন শীর্ষক প্রকল্পের সুবিধাভোগী সদস্যদের মাঝে ঋণের চেক বিতরণ করেন বস্ত্র ও পাট মন্ত্রনালয়ের প্রতিমন্ত্রী জনাব মির্জা আজম এমপি।

## সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার উন্নয়ন প্রকল্পের ঋণের চেক বিতরণ




একটি বাড়ি বাড়ি একটি খামার (৩য় সংশোধিত) প্রকল্পের আওতায় সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার উন্নয়ন" কম্পোনেন্ট এর আওতায় রংপুর জেলার মিঠাপুকুর উপজেলায় জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জনাব এইচ এন আশিকুর রহমান, এমপি উপকারভোগীদের মাঝে বিশেষ উৎসাহ ঋণের চেক বিতরণ করেন।



## ৯৬তম আন্তর্জাতিক সমবায় দিবস উদ্‌যাপিত

বিগত ৭ জুলাই শনিবার ২০১৮ খ্রিঃ তারিখে ৯৬তম আন্তর্জাতিক সমবায় দিবস পালিত হয়েছে। প্রতিবারের ন্যায় এ বছরও বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়নের উদ্যোগে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্যে দিয়ে বাংলাদেশে এ দিবসটি পলিত হয়েছে। এ উপলক্ষ্যে জাতীয় দৈনিকে ক্রোড়পত্র ও স্মরনিকা প্রকাশ করা হয়। সমবায় সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি, এ খাতের সমসাময়িক কার্যক্রম ও লক্ষ্য সম্পর্কে তথ্য প্রচার, বিভিন্ন আর্থ-সামাজিক সমস্যা সমাধানে সমবায়ের ভূমিকা সম্পর্কে জনগণকে অবহিতকরণ এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে উন্নয়ন অংশীদারিত্ব জোরদার করার লক্ষ্যে এ দিবসটি উদযাপন করা হয়ে থাকে। দিবসটি উদযাপন উপলক্ষ্যে হোটেল ৭১ এর সামনে স্থানীয়, সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের প্রতিমন্ত্রী জনাব মো. মসিউর রহমান রাঙ্গাঁ, এমপি জাতীয় পতাকা এবং বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়নের সভাপতি ও মিল্কভিটার চেয়ারম্যান শেখ নাদির হোসেন লিপু সমবায় পতাকা উত্তোলন করেন। আলোচনা সভায় প্রতিমন্ত্রী জনাব মো. মসিউর রহমান রাঙ্গাঁ, এমপি প্রধান অতিথি হিসেবে এবং সমবায় অধিদপ্তরের কর্মকর্তা ও সমবায়ী নেতৃবৃন্দ বক্তব্য প্রদান করেন। সভায় বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেডের চেয়ারম্যান জনাব মহিউদ্দিন আহমেদ, সমবায় অধিদপ্তরের কর্মকর্তা, কর্মচারি ও সমবায়ীগণ অংশগ্রহণ করেন। ৯৬তম আন্তর্জাতিক সমবায় দিবসের তাৎপর্য তুলে ধরে বাংলাদেশ বেতারে সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক জনাব মোঃ আব্দুল মজিদ এর একটি বেতার কথিকা প্রচারিত হয়।

## পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সচিব কর্তৃক আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট নরসিংদী পরিদর্শন

বিগত ১২ জুলাই ২০১৮ খ্রিঃ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সচিব জনাব এস.এম. গোলাম ফারুক আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী পরিদর্শন করেন। তিনি ইনস্টিটিউটে অনুষ্ঠিত অফিস সহকারী ও সমমান কর্মচারিদের ‘আধুনিক অফিস ব্যবস্থাপনা’ কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ ও ক্রেস্ট বিতরণ করেন। সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক জনাব মোঃ আব্দুল মজিদ, বিআরডিবির মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার, একটি বাড়ি একটি খামার প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব আকবর হোসেন এবং জেলা প্রশাসক নরসিংদী জনাব সৈয়দা ফারহানা কাউনাইন এ সময় উপস্থিত ছিলেন।



# ‘জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ক দিনব্যাপী কর্মশালা’ অনুষ্ঠিত




বিগত ৯ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ তারিখে ‘জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ক দিনব্যাপী কর্মশালা’য় বক্তব্য রাখছেন সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক জনাব মোঃ আব্দুল মজিদ

## সমবায় অধিদপ্তর ও নির্বাচন কমিশনের মধ্যে দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর

বিগত ৩০ আগস্ট ২০১৮ খ্রিঃ তারিখে নির্বাচন কমিশন ভবনে অনলাইন পদ্ধতিতে সমবায় সমিতি নিবন্ধনের লক্ষ্যে নির্বাচন কমিশনের রক্ষিত তথ্য-উপাত্ত যাচাই সেবা গ্রহণ বিষয়ে সমবায় অধিদপ্তরের সাথে নির্বাচন কমিশনের দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। মহাপরিচালক নিবন্ধন অনু বিভাগ এর সভাপতিত্বে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সমবায় অধিদপ্তরের পক্ষে চুক্তি স্বাক্ষরকারী হিসেবে জনাব মোঃ আসাদুজ্জামান, অতিরিক্ত নিবন্ধক (ইপিপি) ও জনাব মোঃ আবু তাহের চৌধুরী, যুগ্ম নিবন্ধক (পরিঃ, উন্নঃ), জনাব মোঃ আব্দুল মজিদ, উপনিবন্ধক (আইন) সাক্ষী হিসেবে এবং সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক জনাব মোঃ আব্দুল মজিদ উপস্থিত ছিলেন।





# ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে বিসিএস (সমবায়) অ্যাসোসিয়েশনের নবনির্বাচিত কর্মকর্তাগণের পুস্পস্তবক অর্পণ

বিগত ৮ সেপ্টেম্বর ২০১৮ তারিখে সমবায় অধিদপ্তরের কনফারেন্স হলে বিসিএস (সমবায়) অ্যাসোসিয়েশনের দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত ভোট গ্রহণ করা হয়। নির্বাচনে মো. আসাদুজ্জামান ও মুহাম্মদ গালীব খানের নেতৃত্বে পূর্ণ প্যানেল জয়লাভ করে।

**নির্বাচিতদের তালিকা :** সভাপতি মো. আসাদুজ্জামান, সহ-সভাপতি মোঃ রুহুল আমিন, মোহাম্মদ হাফিজুল হায়দার চৌধুরী, মহাসচিব মুহাম্মদ গালীব খান, যুগ্ম-মহাসচিব শেখ কামাল হোসেন, মো. আবুল খায়ের, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ হেলাল উদ্দিন, কোষাধ্যক্ষ নূর মোহাম্মদ মামুন, দপ্তর, প্রচার ও প্রকাশনা সম্পাদক মোহাম্মদ তোফায়েল আহম্মদ, ক্রীড়া, বিনোদন ও সাংস্কৃতিক সম্পাদক মো. রিয়াজুল কবীর, কল্যাণ সম্পাদক মো. আখিরুল আলম, নির্বাহী সদস্য মো. আহসান কবীর, মোল্লা মোহাম্মদ নিয়ামুল বাসার, মোহাম্মদ হাসিবুর রহমান মোল্লাহ্, মোঃ সামিউল ইসলাম।

বিগত ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখে সমবায় অধিদপ্তরের বিসিএস (সমবায়) অ্যাসোসিয়েশনের দ্বি-বার্ষিক নির্বাচনে নির্বাচিত কর্মকর্তাগণ ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করেন।

# সহকারী নিবন্ধক পদে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের শুভেচ্ছা বিনিময়



সমবায় অধিদপ্তরের উপ সহকারী নিবন্ধক, উপজেলা সমবায় অফিসার পদ হতে সহকারী নিবন্ধক পদে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সাথে শুভেচ্ছা বিনিময় করেন।

# সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক কম্পোনেন্টের ফ্যাসিলিটেটরদের মধ্যে মোটর সাইকেল বিতরণ

সমবায় অধিদপ্তরের 'সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় নৃ-তাত্ত্বিক কম্পোনেন্টের ফ্যাসিলিটেটরদের মধ্যে মোটর সাইকেল বিতরণ করছেন জনাব মোঃ আসাদুজ্জামান, অতিরিক্ত নিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর,ঢাকা। এ সময় জনাব মোঃ আহসান কবির, অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মা. স. উ ও ফাইন্যান্স), জনাব রুহুল আমিন যুগ্ম নিবন্ধক (প্রশাসন, মা. স. উ ও ফাইন্যান্স), উপনিবন্ধক ও উপ-প্রকল্প পরিচালক জনাব মোঃ জিল্লুর রহমান এবং জনাব নূর মোহাম্মদ মামুন, উপ নিবন্ধক ফাইন্যান্স উপস্থিত ছিলেন।



# সমবায় অধিদপ্তরে ৩৬তম বিসিএস (সমবায়) ক্যাডার কর্মকর্তাদের ওরিয়েন্টেশন কোর্স

বিগত ৩ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ তারিখে ৩৬তম বি.সি.এস এর মাধ্যমে সমবায় ক্যাডারে ২০ জন কর্মকর্তা সহকারী নিবন্ধক পদে যোগদান করেন।



বিগত ২০ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ তারিখে ৩৬তম বি.সি.এস এর মাধ্যমে (সমবায়) ক্যাডার পদে যোগদানকৃত কর্মকর্তাদের ওরিয়েন্টেশন কোর্সে বক্তব্য রাখছেন সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক জনাব মোঃ আব্দুল মজিদ



ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণকারী কর্মকর্তাদের একাংশ

# বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ-এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত




বিগত ২৬ জুলাই ২০১৮ খ্রিঃ তারিখে কাজী বশির মিলনায়তন, গুলিস্তান, ঢাকায় বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ-এর ৪১ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। ব্যাংকের চেয়ারম্যান জনাব মহিউদ্দিন আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জনাব মোঃ মসিউর রহমান রাঙ্গাঁ এমপি প্রধান অতিথি এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব এস এম গোলাম ফারুক এবং সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক জনাব মোঃ আব্দুল মজিদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

# সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক এর 'স্বনির্ভর বহুমুখী সমবায় সমিতি লিঃ' পরিদর্শন



সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক জনাব মোঃ আব্দুল মজিদ দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন ভবানীপুরে 'স্বনির্ভর বহুমুখী সমবায় সমিতি লিঃ' পরিদর্শন করেন। এ সময় সমিতির সভাপতি আলহাজ্জ মোঃ আনোয়ার হোসেন অডিট ফি চালান ও সমবায় উন্নয়ন তহবিলের ডিডি নিবন্ধক ও মহাপরিচালক-এর নিকট হস্তান্তর করেন।

# সমবায় অধিদপ্তরের অর্থায়নে আয়বর্ধনমূলক (আইজিএ) প্রশিক্ষণ




নোয়াখালীর সোনাইমুড়ী উপজেলায় মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণ



যশোরের চৌগাছা উপজেলায় ছাগল পালন প্রশিক্ষণ



কুমিল্লায় ক্রিস্টাল শো-পিস তৈরি বিষয়ক প্রশিক্ষণ



চট্টগ্রামের মীরসরাই উপজেলায় মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণ

# ভ্রাম্যমান প্রশিক্ষণ



খাগড়াছড়ি




রাঙামাটি




ব্রাহ্মণবাড়িয়া



চট্টগ্রাম



সমবায়ের মাধ্যমে চা বাগান

# পঞ্চগড়ের তেঁতুলিয়ায় 'মাঝিপাড়া কৃষি খামার ক্ষুদ্র চা-চাষী সমবায় সমিতি লিঃ' এর সাফল্য

দারিদ্র বিমোচনের লক্ষ্যে পঞ্চগড় জেলার সর্বত্রই সমতল ভূমিতে চা-চাষ হচ্ছে। এ ক্ষেত্রে পঞ্চগড় জেলার সমবায় সমিতিগুলোও পিছিয়ে নেই। তেমনই চা-চাষে সফল একটি সমবায় সমিতির নাম 'মাঝিপাড়া কৃষি খামার ক্ষুদ্র চা-চাষী সমবায় সমিতি লিঃ'। পঞ্চগড় জেলার তেঁতুলিয়া উপজেলার মাঝিপাড়া গ্রাম একটি সীমান্তঘেষা এলাকা। ঐ গ্রামের অধিকাংশ মানুষই দারিদ্রসীমার নীচে বাস করে। তাদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে একটি সমিতি গঠন করে এবং সমবায় বিভাগ হতে গত ২২/০৩/১৯৭৫ খ্রিঃ তারিখের ১০১০নং মূলে নিবন্ধন লাভ করে। নিবন্ধন লাভের পরে গ্রামের পাশে ২১৪ একর অনাবাদী খাস জমি সরকারের কাছ থেকে সমিতির নামে চিরস্থায়ী বন্দোবস্ত হিসেবে গ্রহণ করে। ২১৪ একর জমি সমিতির নামে বন্দোবস্ত নেয়ার পর অধিকাংশ জায়গা ছিল অনাবাদী। ফলে সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সম্ভব হচ্ছিল না। বিষয়টি অনুধাবন করে বর্তমান উপজেলা সমবায় অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় জনাব মোঃ ফারুক হোসেন 'অনাবাদী জমিতে চা চাষের মাধ্যমে সমিতির সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন' এর জন্য একটি ইনোভেশন প্রকল্প গ্রহণ করেন। এ প্রেক্ষিতে সদস্যদের চা-বাগান করার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করে ২০০ একর জমিতে 'সমবায় চা বাগান' স্থাপন করা হয়, যা বর্তমানে দৃশ্যমান।

বর্তমানে সমিতির মূল কার্যক্রম শেয়ার, সঞ্চয় আদায় করে মূলধন সৃষ্টি করা। গঠিত মূলধন দিয়ে সমবায় চা বাগানে বিনিয়োগের মাধ্যমে সভ্যগণের আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করা। সমিতির বর্তমান সদস্য সংখ্যা ৭১ জন এবং চা চাষ করে এই ৭১ জন সদস্যের আর্থ-সামাজিক অবস্থার ব্যাপক

উন্নয়ন করা হয়েছে। সমিতির শেয়ার মুলধন এর পরিমাণ ১,১৩,৩৮৫ টাকা এবং সঞ্চয় আমানত ২,৪৪,৬২৫ টাকা, সংরক্ষিত তহবিল ৪৬,৫৫৮/৪৬ টাকা। সমিতির মূলধনের পরিমাণ ৪,০৪,৫৬৮ টাকা। সমিতির প্রায় ২০০ একর অনাবাদি জমিতে চা-চাষ করে ৭১ জন সমবায়ী সফল হয়েছেন। এছাড়া, সমিতি কর্তৃক প্রতিষ্ঠিত চা-বাগানে ৪০০ জন শ্রমিকের প্রত্যক্ষ কর্মসংস্থান সৃষ্টি হয়েছে, যার অধিকাংশই নারী শ্রমিক। সমিতি তার নিজস্ব জায়গায় ও অর্থায়নে ইতোমধ্যে ২ কক্ষ বিশিষ্ট অফিস ভবন এবং একটি মসজিদ নির্মাণ করেছে। উল্লিখিত কার্যক্রমে অত্র সমিতি সরকার/ব্যক্তি/অন্য কোন বেসরকারী সংস্থা হতে কোন প্রকার আর্থিক সহায়তা গ্রহণ ব্যতিত সদস্যদের নিজস্ব পুঁজি, বিনিয়োগ, মেধা ও শ্রমের দ্বারা বর্তমান অবস্থানে উপনীত হতে সক্ষম হয়েছে। যে কোন উন্নয়নের পূর্বশর্ত হল যথাযথ প্রশিক্ষণ। এই উপলব্ধি থেকে ব্যবস্থাপনা কমিটি ও সাধারণ সদস্যবৃন্দ সমিতির আর্থিক অবস্থা সুদৃঢ় ও সকল সদস্যদের কর্ম ও উৎপাদনমূখী করার লক্ষ্যে এ সমিতির একাধিক সদস্য এ পর্যন্ত বিভিন্ন সরকারী দপ্তর ও প্রতিষ্ঠান (আঞ্চলিক সমবায় শিক্ষায়তন, রংপুর ও ভ্রাম্যমান প্রশিক্ষণ) হতে একাধিক বিষয়ের উপর প্রশিক্ষণ গ্রহণ করেছেন। যেমন : চা-চাষ, হাঁস-মুরগী পালন, গরু মোটাতাজাকরণ, মৎস্যচাষ, ইত্যাদি।

সমিতি শুধুমাত্র নিজেদের আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন সাধনে কাজ করছে না, বরং এ সমিতির কার্যক্রমের বাইরে ব্যবস্থাপনা কমিটির আন্তরিকতায় নানামূখী উদ্যোগে বিভিন্ন সেবামূলক কার্যক্রমসহ জনসচেতনা সৃষ্টিতে নিরলস ভুমিকা রেখে চলেছে। যেমন : প্রজনন স্বাস্থ্য সেবা পরামর্শ ও টিকাদান কর্মসূচী বাস্তবায়ন, মানবিক সহায়তা প্রদান, সচেতনতামূলক : পরিবার পরিকল্পনা, নারী নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ রোধ, নারী ও শিশু পাচার রোধ, যৌতুক ও ইভটিজিং প্রতিরোধ ইত্যাদি। সমিতিতে বর্তমানে ২০০ একর চা বাগান হতে চল্লিশ দিন অন্তর প্রতি একরে গড়ে ৫,০০০ কেজি করে চা-পাতা আহরণ করা হচ্ছে। উৎপাদিত কাঁচা চা পাতা স্থানীয় বিভিন্ন চা কারখানায় ২০-২৫ টাকা কেজি দরে বিক্রি করা হচ্ছে। এতে সমিতির সদস্যগণ আর্থিকভাবে কিছুটা লাভবান হলেও লাভের সিংহভাগই চা-কারখানার মালিকের পকেটে চলে যাচ্ছে। এতে তাদের কাঙ্খিত উন্নয়ন সম্ভব হচ্ছে না। তাদের এই সমস্যার স্থায়ী সমাধানের জন্য তারা একটি চা-কারখানা স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছে। এছাড়া ভবিষ্যতে তাদের নিজস্ব জায়গায় স্কুল-কলেজ-হাসপাতালসহ সেবামূলক প্রতিষ্ঠান স্থাপন করার পরিকল্পনা রয়েছে।






পরিশেষে, সমিতিটি চা চাষের মাধ্যমে উজ্জল দৃষ্টান্ত স্থাপন করায় সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক এবং উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণ মাঠপর্যায়ে এ সমিতির কার্যক্রম পরিদর্শন করেন। সমিতির সদস্যরা শ্রম, মেধা ও মননকে কাজে লাগিয়ে 'মাঝিপাড়া কৃষি খামার ক্ষুদ্র চা চাষী সমবায় সমিতি লিঃ' স্ব-নির্ভরতা, কর্মসংস্থান সৃষ্টি, কর্ম সম্পাদন, এলাকার শান্তি-শৃঙ্খলা আনয়ন ও সাধারণ মানুষকে সমবায় আন্দোলনে উদ্বুদ্ধকরণের ক্ষেত্রে যে সাফল্য অর্জন করেছে তা দেশের জন্য একটি অনুকরণীয় দৃষ্টান্ত।

# ‘বিসিএস (সমবায়) ক্যাডার কর্মকর্তাদের পেশাগত প্রশিক্ষণ কোর্স কারিকুলাম আধুনিকীকরণ’ কর্মশালা




বিগত ১১-১২ মে ২০১৮ তারিখে কুমিল্লা কোটবাড়ীর বাংলাদেশ সমবায় একাডেমীতে “বিসিএস (সমবায়) ক্যাডার কর্মকর্তাদের পেশাগত প্রশিক্ষণ কোর্স কারিকুলাম আধুনিকীকরণ” শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক জনাব মোঃ আব্দুল মজিদ প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন। কর্মশালায় বাংলাদেশ সমবায় একাডেমীর অধ্যক্ষ ও অতিরিক্ত নিবন্ধক জনাব মোঃ ইকবাল হোসেন, সমবায় অধিদপ্তরের অতিরিক্ত নিবন্ধক জনাব মোঃ আসাদুজ্জামান, জনাব মোঃ ফখরুল ইসলাম এবং একাডেমীর উপাধ্যক্ষ জনাব মোঃ আবুল হোসেন অংশগ্রহণ করেন ।

## খাঁচায় কাকড়া চাষ বিষয়ে প্রশিক্ষণ





গত ১১ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ তারিখে সাতক্ষীরার শ্যামনগর উপজেলায় সমবায়ীদের আয়বর্ধনমুলক কর্মসূচি (আইজিএ) প্রশিক্ষণের অংশ হিসেবে ফিল্ড ভিজিট। খাঁচায় কাকড়া চাষ ও মোটাতাজাকরণ বিষয়ে সরেজমিনে অভিজ্ঞতা অর্জনে প্রশিক্ষনার্থীগণ।

সম্পাদনা পরিষদ : উপদেষ্টা : **মোঃ আব্দুল মজিদ**, নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর; সভাপতি : **মোঃ আসাদুজ্জামান**, অতিরিক্ত নিবন্ধক (ইপিপি)
সদস্য : **অঞ্জন কুমার সরকার**, যুগ্ম নিবন্ধক (ইপিপি) ● **কাজী মেসবাহ্ উদ্দিন আহমেদ**, উপ নিবন্ধক (ইপি)
● **মোঃ কামরুজ্জামান**, উপ নিবন্ধক (পিপি) ● সদস্য সচিব : **মোঃ সাইফুল ইসলাম**, সম্পাদক

সমবায় অধিদপ্তরের প্রচার ও প্রকাশনা শাখা হতে প্রকাশিত। ফোন : ৯১৪০৮৭৭, ৮১২৯৬৫৪, ৯১০৩৪০৯, ৮১২৭৯৪৩
e-mail: coop_bangladesh@yahoo.com, website: www.coop.gov.bd, ফ্যাক্স : ৯১৩৬৫৯৫